### উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব এ এইচ ইরফান উদ্দিন আহমেদ
উপজেলা নির্বাহী অফিসার, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

তারিখ : ২৯ অক্টোবর ২০২৩ খ্রিঃ।

সময় : সকাল ১০.০০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া কৃষি মন্ত্রণালয়ের স্মারক নং ১২.০০.০০০০.০২৬.৩৮.০১২.২১.২৯৫ তারিখঃ ১৯অক্টোবর ২০২৩ খ্রিঃ।এবং ২২অক্টোবর ২০২৩ খ্রিঃ তারিখের জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী মোতাবেক ২০২৩-২৪ অর্থবছরে রবি মৌসুমে বোরো ধানের হাইব্রিড জাতের বীজ ব্যবহারের মাধ্যমে উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বিজয়নগর উপজেলার ক্ষুদ্র ও প্রান্তিক এবং হাইব্রিড ধান চাষে আগ্রহী কৃষকের মাঝে বিনামূল্যে বীজ বিতরণের কৃষি প্রণোদনা কর্মসূচির বরাদ্দ সভায় উপস্থাপন করার প্রেক্ষিতে এতদ্বসংক্রান্ত বিভিন্ন বিষয়ে আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | উপজেলা কৃষি অফিসার, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া কৃষি মন্ত্রণালয়ের স্মারক নং ১২.০০.০০০০.০২৬.৩৮.০১২.২১২৯৫ তারিখঃ ১৯ অক্টোবর ২০২৩ খ্রিঃ এবং ২২অক্টোবর ২০২৩ খ্রিঃ তারিখের জেলা কৃষি পূনর্বাসন বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী মোতাবেক ২০২৩-২৪ অর্থবছরে রবি মৌসুমে বোরো ধানের হাইব্রিড জাতের বীজ ব্যবহারের মাধ্যমে উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বোরো ফসলের জন্য বিনামূল্যে হাইব্রিড বীজ বিতরণ বাবদ ২১২৩৩০০/- (একুশ লক্ষ তেইশ হাজার তিনশত ) টাকার বরাদ্দ পাওয়া গেছে বলে সভাকে অবহিত করেন। তিনি আরও জানান যে, সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি ও জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া উক্ত কর্মসূচি বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত টাকা অগ্রিম উত্তোলন পূর্বক সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি ও উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে ছাড় করা হবে।<br><br>সদস্য সচিব সভাকে জানান যে, এ কর্মসূচির আওতায় একজন কৃষক ১ বিঘা জমির জন্য ২(দুই) কেজি করে বোরো ধান হাইব্রিড বীজ পাবেন। ১ জন উপকারভোগী কৃষককে কেবলমাত্র ১ বিঘা জমির জন্য উপকরণ সহায়তা প্রদান করা যাবে।<br><br>সদস্য সচিব বিভিন্ন উপজেলার নতুন জাতের আবাদ ও সম্প্রসারণের বিষয়টি বিবেচনা রেখে ইউনিয়নওয়ারী কর্মসূচির আওতায় উপকারভোগীর একটি উপ বিভাজন সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন। তিনি আরও জানান যে উপকারভোগী কৃষক নির্বাচনের ক্ষেত্রে আগ্রহী ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক না পাওয়া গেলে সেক্ষেত্রে মাঝারী কৃষকও নির্বাচন করা যাবে। | ১। কৃষি প্রণোদনা কর্মসূচির বাবদ ২১২৩৩০০/- ( একুশ লক্ষ তেইশ হাজার তিনশত ) সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি ও উপজেলা কৃষি অফিসার অনুকূলে চেকের মাধ্যমে অর্থ ছাড় করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২। পরিশিষ্ট “ক” মোতাবেক উপজেলাওয়ারী উপকারভোগী কৃষক সংখ্যা উপ বিভাজন অনুমোদন করা হয়।<br><br>৩। একটি কৃষক পরিবার প্রতি বিঘার জন্য ২(দুই) কেজি করে বোরো ধান হাইব্রিড বীজ পাবেন।<br><br>৪। উপকারভোগী কৃষক নির্বাচনের ক্ষেত্রে আগ্রহী ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক না পাওয়া গেলে সেক্ষেত্রে মাঝারী কৃষকও নির্বাচন করা যাবে। | সভাপতি/সদস্য সচিব,উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, ব্রাহ্মণবাড়িয়া |

<table>
<tr>
<td>২</td>
<td>অফিস ও বিধিমালা অনুসরণের জন্য উল্লেখিত আর, এফ, কিউ (রিকোয়েস্ট ফর কোর্টেশন) কমিটি গঠনের বিষয়ে আলোচনা এবং কমিটিকে অনুমোদনের প্রস্তাব করা হলো।</td>
<td>২। নিম্নলিখিত সদস্যগণের সমন্বয়ে আর এফ কিউ কমিটি গঠন করা হলো।
<table>
<tr><th>ক্রম</th><th>সদস্যগণের পদবী</th><th>সংস্থা</th><th>কর্মস্থল</th><th>কমিটিতে অবস্থান</th></tr>
<tr><td>০১</td><td>উপজেলা কৃষি অফিসার</td><td>ডিএই</td><td>বিজয়নগর</td><td>সভাপতি</td></tr>
<tr><td>০২</td><td>উপজেলা মৎস্য অফিসার</td><td>ডিওএফ</td><td>বিজয়নগর</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৩</td><td>প্রকল্প বাস্তবায়ন অফিসার</td><td>ডিডিএম</td><td>বিজয়নগর</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৪</td><td>কৃষি সম্প্রসারণ অফিসার</td><td>ডিএই</td><td>বিজয়নগর</td><td>সদস্য সচিব</td></tr>
</table>
</td>
<td>সভাপতি/সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি বিজয়নগর।</td>
</tr>
<tr>
<td>০৩</td>
<td>কৃষি প্রণোদনা কর্মসূচির বাস্তবায়ন পদ্ধতি/ নীতিমালা এবং শর্তাবলী নিয়ে বিস্তারিত আলোচনা হয়।</td>
<td>১। কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত মন্ত্রণালয়ের বাস্তবায়ন পদ্ধতি/নীতিমালা ও উপজেলা কমিটি কঠোরভাবে প্রতিপালনপূর্বক কর্মসূচি বাস্তবায়ন করবেন।</td>
<td>সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি</td>
</tr>
<tr>
<td>০৪</td>
<td>কৃষি মন্ত্রণালয়ের বাস্তবায়ন পদ্ধতি ১০ নং অনুচ্ছেদ অনুযায়ি কৃষি প্রণোদনা বাস্তবায়নের জন্য হাইব্রিড বীজ ক্রয় ও বীজ সরবরাহ করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।</td>
<td>১। এ বিষয়ে বাস্তবায়ন পদ্ধতি/নীতিমালা যথাযথভাবে অনুসরণ পূর্বক বোরো ধানে হাইব্রিড বীজ জি.ও-তে উল্লেখিত জেলা ভিত্তিক বিভাজন অনুযায়ি জেলা কমিটি কর্তৃক প্রদত্ত উপজেলা ভিত্তিক উপবিভাজন অনুসারে বিএডিসি হতে (এসএল-৮এইচ) সংগ্রহ করতে হবে। বিএডিসি হতে পর্যাপ্ত বীজ সরবরাহ না পাওয়া গেলে বিএডিসির না দাবী প্রদান সাপেক্ষে হেক্টর প্রতি ৫.০ টনের বেশি ফলনশীল এলাকা উপযোগী কাঙ্খিত অঙ্কুরোদগম ক্ষমতাসম্পন্ন বোরো হাইব্রিড ধান প্রতিষ্ঠিত বেসরকারি প্রতিষ্ঠান/ আমদানীকারক /ব্যবসায়িক এর নিকট হতে বিধি মোতাবেক ক্রয় করতে হবে। কোন অবস্থাতেই কর্মসূচির বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত টাকা ব্যয় করা যাবে না।</td>
<td>সভাপতি/সদস্য সচিব, সংশ্লিষ্ট উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি।</td>
</tr>
<tr>
<td>৫</td>
<td>কৃষি পুনর্বাসন উপকরণ বিতরণ ও কৃষি মন্ত্রণালয়ের বাস্তবায়ন পদ্ধতি ০৭, ০৮ ও ০৯ নং অনুচ্ছেদের নির্দেশের আলোকে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি অগ্রাধিকার তালিকা তৈরী, উপকরণ বিতরণ রেজিস্টার, মাষ্টাররোল সংরক্ষণ,বিতরণ স্বাক্ষরকরণ সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।</td>
<td>১। কৃষি মন্ত্রণালয়ের বাস্তবায়ন শর্তাবলীর ০৭, ০৮ ও ০৯ নং অনুচ্ছেদের নির্দেশনা কঠোরভাবে পালনপূর্বক অনুমোদিত অগ্রাধিকার তালিকার ভিত্তিতে কর্মসূচির উপকরণ কৃষকের মাঝে বিতরণের ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২। কর্মসূচির সকল উপকরণ উপজেলা সদর থেকে বিতরণ করতে হবে।</td>
<td>সভাপতি/সদস্য সচিব, সংশ্লিষ্ট উপজেলা কৃষি পুর্নবাসন বাস্তবায়ন কমিটি।</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ৬ | কর্মসূচির আওতায় আর্থিক ব্যবস্থাপনা, বিল ভাউচার ও অডিট সংক্রান্ত নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ১। অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিআর-২০০৬ ও পিপিআর-২০০৮ অনুসরণ পূর্বক যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২। অর্থের সমম্বয় বিল ভাউচার ৩(তিন) প্রস্থ (১ প্রস্থ মুল ও ২ প্রস্থ ফটোকপি) এবং উপকরণ বিতরণের মুল মাষ্টাররোল ১(এক) প্রস্থ, অনুমোদিত মুল অগ্রাধিকার তালিকা ১(এক) প্রস্থ বিতরণ শেষ হওয়ার ১০(দশ) কর্মদিবসের মধ্যে উপপরিচালক,ডিএই, খামারবাড়ি, ব্রাহ্মণবাড়িয়া বরাবরে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br><br>৩। কর্মসূচির যাবতীয় সমম্বয় রেকর্ডপত্র অডিটের জন্য সংশ্লিষ্ট উপজেলা কৃষি পুর্নবাসন বাস্তবায়ন কমিটির সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার এর অফিসে সংরক্ষণ থাকবে। | সদস্য সচিব, সংশ্লিষ্ট উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/১১/২০২৩

এএইচ ইরফান উদ্দিন আহমেদ
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি।

স্মারক নং

তারিখঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ
১। জেলা প্রশাসক ও সভাপতি, জেলা পুনর্বাসন বাস্তবায়ন কমিটিং, ব্রাহ্মণবাড়িয়া।
২। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য সচিব, জেলা সার বীজ মনিটরিং কমিটি, ব্রাহ্মণবাড়িয়া।
৩। ...................................সদস্য, উপজেলা কৃষি পুনর্বাসনবাস্তবায়ন কমিটি, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
৪। অফিস নথি।

২৫.১১.২০২৩

শাব্বির আহমেদ
উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা কৃষি পুনর্বাসনবাস্তবায়ন কমিটি
বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।